দৈনিক বাংলা

তারিখ ১৭।১।৮১
পৃষ্ঠা ৮ ক ৩

# বিভিন্নস্থানে প্রাথমিক শিক্ষকদের 'বিশ্বাস ভঙ্গ' দিবস পালিত

প্রাইমারী স্কুলের ব্যবস্থাপনার দায়িত্ব স্থানীয় সংস্থার ওপর ন্যস্ত করার সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে দেশের বিভিন্ন স্থানে প্রাথমিক শিক্ষকরা 'বিশ্বাস ভঙ্গ' দিবস পালন করেছেন বলে দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতার পাঠানো প্রতিবেদনে জানা গেছে।

আমাদের কিশোরগঞ্জ সংবাদদাতা জানাচ্ছেন, গত ১৩ই জানুয়ারী মহকুমার সকল প্রাথমিক স্কুলের শিক্ষকরা এক প্রতিবাদ মিছিল বের করেন। ধর্মঘটী শিক্ষকরা মহকুমা প্রশাসকের হাতে একটি স্মারক প্রতিবাদ লিপি প্রদান করেন।

ধর্মঘটী শিক্ষকরা এক প্রতিবাদ সভায় মিলিত হয়ে তাদের দাবী পূরণ না হওয়া পর্যন্ত ধর্মঘট চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেন। এদিকে বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ না হওয়ায় প্রাথমিক শিক্ষাক্ষেত্রে এক নৈরাজ্যের সৃষ্টি হয়েছে।

**টাঙ্গাইল**

দৈনিক বাংলার টাঙ্গাইল সংবাদদাতা জানিয়েছেন, গত ১৩ই জানুয়ারী এখানে 'বিশ্বাস ভঙ্গ' দিবস পালিত হয়েছে। শিক্ষকদের বিক্ষোভ মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে মহকুমা প্রশাসকের কাছে এক প্রতিবাদ লিপি প্রদান করেন।

**চৌদ্দগ্রাম (কুমিল্লা)**

চৌদ্দগ্রাম (কুমিল্লা) সংবাদদাতা জানিয়েছেন, 'বিশ্বাস ভঙ্গের' প্রতিবাদে থানার প্রাথমিক স্কুলের শিক্ষকরা এক প্রতিবাদ মিছিল বের করেন। মিছিল শহরের প্রধান সড়কসমূহে প্রদক্ষিণ শেষে এক সভার আয়োজন করেন।

**সিরাজগঞ্জ**

সংবাদদাতা সিরাজগঞ্জ থেকে জানিয়েছেন প্রাথমিক শিক্ষকদের 'বিশ্বাস ভঙ্গ দিবস' উপলক্ষে পাঁচটি ছাত্র সংগঠনের আহবানে গত ১২ই জানুয়ারী সিরাজগঞ্জ শহরের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে পূর্ণ ধর্মঘট পালিত হয়।

দুপুরে ছাত্র ও প্রাথমিক শিক্ষকদের এক মিছিল দাবীদাওয়ার সমর্থনে শ্লোগান দিতে দিতে শহরের রাস্তাসমূহ প্রদক্ষিণ করে। পরে সিরাজগঞ্জ সরকারী কলেজ প্রাঙ্গণে ধর্মঘটীদের এক সভা হয়। এতে সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ সরকারী কলেজ ছাত্র সংসদের সহ-সভাপতি জনাব আমিনুল গনি জুপিটার। সভায় প্রাথমিক শিক্ষকদের দাবীদাওয়া মেনে নিয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টির জন্য সরকারের প্রতি আহবান জানানো হয়।